দৈনিক বাংলা

তারিখ 0৮ APR 1997
পৃঃ ৪ কলাম ৭

৩।

### শিক্ষাঙ্গনে দলীয় রাজনীতি ক্ষতিকর

# পরীক্ষায় অসদুপায়ের জন্য শুধু ছাত্র নয় শিক্ষকরাও দায়ী ঃ প্রেসিডেন্ট

জামালপুর, ৩ এপ্রিল (বাসস)।– প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, পরীক্ষায় অসদুপায়ের জন্য শুধু ছাত্রছাত্রীরাই নয়, শিক্ষকরাও দায়ী। ছাত্রছাত্রীদের 'দলীয় রাজনীতি'তে অংশগ্রহণ প্রসঙ্গে তিনি বলেন, দলীয় রাজনীতিতে তাদের অংশগ্রহণ শিক্ষার সুষ্ঠু বিকাশের অন্তরায়। জামালপুর জেলার সরিষাবাড়ি থানার পিংনা উচ্চবিদ্যালয়ের শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে বৃহস্পতিবার ভাষণ দেয়ার সময় তিনি একথা বলেন।

প্রেসিডেন্ট বলেন, শিক্ষকরা শিক্ষার্থীদের শিক্ষা দেয়ার দায়িত্ব যদি সঠিকভাবে পালন করেন, তাঁরা যদি শিক্ষার্থীদের নিয়মিত বাড়ির কাজ দেন, সব সময় সাময়িক পরীক্ষা নেন এবং 'প্রাইভেট টিউশন' থেকে নিজেদের দূরে রাখেন, তাহলে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের ঘটনা ঘটবে না। তিনি শিক্ষার্থীদের শুধু সার্টিফিকেটের পেছনে না ছুটে তাদের আরও কার্যকর ও বাস্তবমুখী শিক্ষা অর্জনের চেষ্টা করার পরামর্শ দেন। তিনি বলেন, সার্টিফিকেট সর্বস্ব শিক্ষা কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষমতা নেই। তিনি বলেন, পরীক্ষায় পাস করার জন্য নকল করার বদ–অভ্যাস 'এতদূর পর্যন্ত গড়িয়েছে' যে পরীক্ষার হলে নকলের সুযোগ না দেয়ায় ছাত্রছাত্রীরা কখনও কখনও প্রতিবাদ মিছিল করছে।

প্রেসিডেন্ট সাহাবুদ্দীন বলেন, অনেক ছাত্র রাজনীতিতে পরিপূর্ণভাবে জড়িত হওয়ায় ছাত্র অবস্থায়ই তারা মন্ত্রী অথবা সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। প্রেসিডেন্ট এ ধরনের অনেক নজিরের প্রতি ইঙ্গিত দিয়ে বলেন, এটাই যদি অবস্থা হয়, তাহলে অন্যান্য ছাত্ররা কেন সুষ্ঠু উপায়ে বিদ্যাশিক্ষার পথ অনুসরণ করবে? তিনি বলেন, বিভিন্ন ক্যাম্পাসে

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## পরীক্ষায় অসদুপায়ের জন্য শুধু ছাত্র নয়

(প্রথম পৃষ্ঠার পর)

অনৈতিক রাজনীতির চর্চার কারণে সৃষ্ট অস্থিরতা ও গোলযোগ শিক্ষার ক্ষেত্রে প্রধান অন্তরায়।

প্রেসিডেন্ট বলেন, আমাদের বিশাল জনসংখ্যাকে আধুনিক বিজ্ঞান ও কারিগরি ভিত্তিক উপযুক্ত শিক্ষা দিয়ে তাকে উৎপাদনমূলক মানব সম্পদের কাজে লাগানোই আমাদের একমাত্র কর্তব্য। তিনি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সাহায্য করার জন্য দেশের সকল রাজনীতিক ও সচেতন নাগরিকের প্রতি আবেদন রাখেন।

সরিষাবাড়ি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল হক। বাণিজ্য ও শিল্পমন্ত্রী তোফায়েল আহমেদ, ভূমি প্রতিমন্ত্রী আলহাজ রাশেদ মোশাররফ, ধর্ম প্রতিমন্ত্রী আলহাজ নুরুল ইসলাম, মীর্জা আযম এমপি প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।